

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৭৯৬

৫০/ মুনাফিক ও তাদের হুকুম (کتاب صفات المنافقين وأحکامهم) পরিচ্ছেদঃ ৫০/১৯. দ্বীনের নাসীহাত ইত্যাদি প্রদানের ক্ষেত্রে মধ্যপন্থা অবলম্বন করা।

الاقتصاد في الموعظة

আরবী

حديث عَبْدِ اللهِ بْنِ مَسْعُودِ كَانَ يُذَكِّرُ النَّاسَ فِي كُلِّ خَمِيسٍ، فَقَالَ لَهُ رَجُلُ: يَا أَبَا عَبْدِ اللهِ بْنِ مَسْعُودِ كَانَ يُذَكِّرُ النَّاسَ فِي كُلِّ خَمِيسٍ، فَقَالَ لَهُ رَجُلُ: يَا أَبَا عَبْدِ اللهِ بْنِ دَلِكَ أَنَّكُ أَنْ أُمِلَّكُمْ الرَّحْمنِ لَوَدِدْتُ أَنَّكُ أَكُمْ وَالرَّحْمنِ لَوَدِدْتُ أَنَّكُ أَنْ أَمِلَّكُمْ وَالرَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَتَخَوَّلُنَا بِهَا، مَخَافَة وَإِنِّي أَتَخَوَّلُكُمْ بِالْمَوْعِظَةِ، كَمَا كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَتَخَوَّلُنَا بِهَا، مَخَافَة السَّآمَةِ عَلَيْنَا

বাংলা

১৭৯৬. আবু ওয়াইল (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, ইবনু মাসউদ (রাঃ) প্রতি বৃহস্পতিবার লোকদের নসীহত করেতেন। তাকে একজন বলল, হে আবু আবদুর রহমান! আমার ইচ্ছে জাগে, যেন আপনি প্রতিদিন আমাদের নসীহত করেন। তিনি বললেনঃ এ কাজ থেকে আমাকে যা বাধা দেয় তা হচ্ছে, আমি তোমাদেরকে ক্লান্ত করতে পছন্দ করি না। আর আমি নসীহত করার ব্যাপারে তোমাদের (অবস্থার) প্রতি খেয়াল রাখি, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ক্লান্তির আশংকায় আমাদের প্রতি যেমন লক্ষ্য রাখতেন।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৩: ইলম (ধর্মীয় জ্ঞান), অধ্যায় ১২, হাঃ ৭০; মুসলিম, পূর্ব ৫০; মুনাফিক ও তাদের হুকুম, অধ্যায় ১৯, হাঃ ২৮২১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ ওয়াইল (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন